# বোনাস নিয়ে তোলপাড় চা বলয়

**নাগরাকাটা ও বানারহাট, ১২ সেপ্টেম্বর :** এ যেন সেই ট্র্যাডিশন সমানে চলছে। সাততাড়াতাড়ি রাজ্য সরকার বোনাস নিয়ে অ্যাডভাইজারি দেওয়ার পর আশা করা হয়েছিল চা বাগানে বোনাস নিয়ে এবছর হয়তো আর কোনওরকম জটিলতা তৈরি হবে না। কিন্তু সেই আশায় জল ঢেলে দিয়ে পুজোর দিনক্ষণ এগিয়ে আসতে না আসতেই আবার অসন্তোষের কালো মেঘ ঢাকছে চা বলয়কে। কোথাও টানা পথ অবরোধ। কোথাও আবার কাজকর্ম ফেলে কয়েক ঘণ্টার গেট মিটিং। রয়েছে কাজে যোগ না দিয়ে প্রতিবাদে শামিল হওয়ার ঘটনাও। কম হারে বোনাস দিতে চাওয়ার ইস্যুকে কেন্দ্র করে শ্রমিক বিক্ষোভে শুক্রবার উত্তাল হয়ে উঠল ডুয়ার্সের নানা বাগান।

৮.৩৩ শতাংশ হারে বোনাস দিতে ইচ্ছুক বানারহাটের চামুর্চি চা বাগানের পরিচালকরা বৃহস্পতিবার রাতে বাগান ছেড়ে চলে গিয়েছিলেন। শুক্রবার সেখানে কর্মবিরতির বিজ্ঞপ্তি জারি হয়। এরপরই ক্ষুব্ধ শ্রমিকরা পায়ে হেঁটে চামুর্চি-আমবাড়ি মোড়ে এসে ভারত-ভুটান সার্ক রোড টানা ৮ ঘণ্টা ধরে অবরোধ করে রাখেন। ওই একই হারে বোনাস দিতে চাওয়াকে কেন্দ্র করে নাগরাকাটার গ্রাসমোড় চা বাগানের শ্রমিকরা ঘণ্টা তিনেক গেট মিটিংয়ে শামিল হন। প্রতি ক্ষেত্রেই শ্রমিকদের দাবি, অ্যাডভাইজারি মেনে ২০ শতাংশ হারেই বোনাস দিতে হবে।

অন্যদিকে, বকেয়া মজুরিকে কেন্দ্র করে বানারহাটের রেড ব্যাংক ও সুরেন্দ্রনগর চা বাগানের শ্রমিকরাও এদিন লাগোয়া জাতীয় সড়ক অবরোধ করে রাখেন। সকাল



৮টা থেকে চলা ওই অবরোধ দুপুর ৩টে নাগাদ তুলে নেওয়া হয়। এর জেরে জাতীয় সড়কে আটকে পড়ে অজস্র যানবাহন। স্পেনের বার্সিলোনার একটি পর্যটক পরিবারও অবরোধের কারণে সমস্যায় পড়ে। তারা আবার হাসিমুখে অবরোধকারীদের সঙ্গে রাস্তায় বসে পড়ে।

শ্রম দপ্তর জানিয়েছে, ১৩ সেপ্টেম্বর চামুর্চির পরিচালকদের নিয়ে আলাদা করে ও ১৬ সেপ্টেম্বর শ্রমিক-মালিক সব পক্ষকে নিয়ে বৈঠক ডাকা হয়েছে। অন্যদিকে, রেডব্যাংক নিয়ে ত্রিপাক্ষিক বৈঠক হবে ১৮ সেপ্টেম্বর। বানারহাটের বিডিও নিরঞ্জন বর্মন বলেন, 'রেডব্যাংক চা বাগানে শনিবার থেকে ত্রাণ হিসেবে চাল দেওয়া হবে।'

পুজোর মুখে বন্ধ হয়ে যাওয়ায় চামুর্চি চা বাগানে দুর্দশায় পড়েছে ১০৭৪টি পরিবার। মালিকপক্ষের সংগঠন আইটিপিএ-র উপদেষ্টা অমিতাংশু চক্রবর্তী বাগান বন্ধের পিছনে সেই বোনাস ইস্যুর কথাই বলেছেন। এদিকে, রেডব্যাংক ও সুরেন্দ্রনগরের পরিচালকরা বৃহস্পতিবার রাতে চলে গিয়েছেন। এদিন সকাল থেকে দুটি বাগানের শ্রমিকরাই ১৭ নম্বর জাতীয় সড়কে বসে পড়েন। বানারহাটের বিডিও ও ধূপগুড়ির এসডিপিও গিয়ালসন লেপচা এসে তাঁদের বোঝানোর চেষ্টা করলেও ব্যর্থ হন।

অন্যদিকে, কেন্দ্রের ভারী শিল্পমন্ত্রকের অধীনস্থ অ্যান্ড্রিউ ইউলের বানারহাট চা বাগানের শ্রমিকরা এদিন এক কিস্তিতে ২০ শতাংশ বোনাসের দাবিতে এদিন কাজেই যাননি। প্রায় আধ ঘণ্টা সার্ক রোড অবরোধ করে তাঁরা ফিরে যান। বোনাসে ছাড় চেয়ে এদিন ফের শ্রম দপ্তরকে চিঠি দিয়েছে মালবাজারের সাইলি চা বাগান। বীরপাড়ার দলমোড় চা বাগান কর্তৃপক্ষ ১০ শতাংশ বোনাস দিতে চেয়ে চিঠি পাঠিয়েছে মুখ্যসচিবকে। সেখানে তো ২০২২ সালের বোনাসও বকেয়া আছে।



পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

সমান্তরালে।। রাজাভাতখাওয়ায় ছবিটি তুলেছেন শুভঙ্কর সান্যাল।

## সাপের ছোবলে মৃত্যু

**কালচিনি, ১২ সেপ্টেম্বর :** বিষধর সাপের ছোবলে মৃত্যু হল এক কিশোরীর। মৃতের নাম বন্ধনা মুন্ডা (১২)। বাড়ি কালচিনির গাঙ্গুটিয়া চা বাগানে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার গভীর রাতে বাড়িতে সাপ ছোবল মারে ওই কিশোরীকে। তড়িঘড়ি তাঁকে লতাবাড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। খবর পেয়ে কালচিনি থানার পুলিশ কিশোরীর দেহ উদ্ধার করে। পুলিশ জানিয়েছে, শুক্রবার দেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হয়েছে। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করা হয়েছে।

## আহত ৩

**মাথাভাঙ্গা, ১২ সেপ্টেম্বর :** দুটি পৃথক দুর্ঘটনায় জখম তিনজন। শুক্রবার মাথাভাঙ্গা-১ ব্লকের পচাগড় পঞ্চায়েতের বেলতলায় মাথাভাঙ্গা-কোচবিহার রাজ্য সড়কে একটি ট্রাক ও টোটোর সংঘর্ষে দুজন জখম হয়েছেন। দুর্ঘটনাগ্রস্ত টোটো ও ট্রাককে আটক করেছে পুলিশ। অপরদিকে, মাথাভাঙ্গা-চ্যাংরাবান্ধা ১৬ রাজ্য সড়কের মাথাভাঙ্গা কলেজ সংলগ্ন এলাকায় একটি টোটো একটি বাইককে ধাক্কা মারলে বাইকচালক গুরুতর জখম হন।

## ভিজিট

**আলিপুরদুয়ার, ১২ সেপ্টেম্বর :** মাঝেরডাবরি চা বাগানের ২৪ জন স্কুল পড়ুয়াকে ডুয়ার্সকন্যা সহ প্রশাসনিক কর্তাদের সঙ্গে একটি স্বেচ্ছাসেবী সংস্থার তরফে এক্সপোজার ভিজিটে নিয়ে যাওয়া হয়। তাদের রাজাভাতখাওয়া মিউজিয়ামে নিয়ে যাওয়া সহ প্রশাসনিক কর্তাদের সঙ্গে পরিচয় করানো হয়।

# মহাকাল মন্দিরে মেলার আয়োজন

**রাজু সাহা**

**শামুকতলা, ১২ সেপ্টেম্বর :** আগামী রবিবার ভাদ্র মাসের শেষ রবিবার। আলিপুরদুয়ার জেলার শামুকতলার কাছে দক্ষিণ মহাকালগুড়ি গ্রামের মহাকাল মন্দিরে ভাদ্র মাসের শেষ রবিবার বাৎসরিক পুজো অনুষ্ঠিত হয়। কোচ রাজবংশের স্মৃতি বিজড়িত এই মন্দিরের বাৎসরিক পুজো উপলক্ষ্যে ভক্তদের ঢল নামে। পুজো উপলক্ষ্যে একটি মেলাও বসে। এই পুজোর প্রস্তুতি এখন তুঙ্গে। পুজো কমিটির পাশাপাশি পুজো এবং মেলা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে শামুকতলা থানার পুলিশ তৎপর হয়েছে। মন্দির চত্বরজুড়ে লাগানো হয়েছে অনেক সিসিটিভি ক্যামেরা।

স্থানীয়রা জানান, এই মন্দির ভীষণ জাগ্রত। এই মন্দির তৈরির পিছনের গল্পও খুব চমকপ্রদ। শোনা যায় প্রায় দেড়শো বছর আগে এই এলাকার জোতদার ছিলেন বঙ্কনাথ রায়। বঙ্কনাথ একদিন স্বপ্নে দেবাদিদেবের আদেশ পান বলে শোনা যায়। তারপর তিনি জঙ্গল কেটে এই শিবলিঙ্গের সন্ধান পান। তখন থেকেই ভাদ্র মাসের শেষ রবিবার এই মন্দিরের বাৎসরিক পুজোর আয়োজন হয়।

ভাদ্র মাসের শেষ রবিবার অসম, কোচবিহার, শিলিগুড়ি, মালদা, কলকাতা থেকে প্রচুর মানুষ এই মন্দিরে পুজো দিতে আসেন। সারা বছর ভক্তদের আনাগোনা থাকলেও মূলত প্রতি বছর ভদ্র মাসের শেষ রবিবার সকাল থেকে ভক্তদের ঢল নামে।

এই মন্দির নিয়ে আরও একটি গল্প লোকমুখে প্রচলিত আছে। শোনা যায় কোচবিহারের তৎকালীন রাজা মহারাজা জিতেন্দ্রনারায়ণ একবার এই মন্দির থেকে শিবলিঙ্গটি তুলে নিয়ে যেতে এসেছিলেন। বহু চেষ্টার পরেও তিনি শিবলিঙ্গটি তুলে নিয়ে যেতে পারেননি। তারপর মহারাজা জিতেন্দ্রনারায়ণ এই মন্দিরে পুজো দেন এবং পুষ্পপত্র, পিতলের খড়ম, তলোয়ার এই মন্দিরে উৎসর্গ করে যান। আজও



*কোচবিহারের তৎকালীন মহারাজা জিতেন্দ্রনারায়ণের দেওয়া খড়ম ও তলোয়ার।*

মন্দিরে রাজার সামগ্রীগুলো সযত্নে রাখা আছে। রায় পরিবারের অন্যতম সদস্য এবং মন্দির কমিটির সম্পাদক খোকন রায় বলেন, 'প্রায় দেড়শো বছর ধরে ভাদ্র মাসের শেষ রবিবার এই পুজো হয়। শ্রাবণ ও ভাদ্র মাসজুড়ে মহাকালধামের শিবের মাথায় জল ঢালতে ভিনরাজ্য থেকেও ভক্তরা ছুটে আসেন। এই মেলায় প্রায় দেড় থেকে দুই লক্ষ মানুষ আসেন।'

## রাস্তা সংস্কারে অবৈধভাবে বালি তোলার অভিযোগ

# কাঠগড়ায় ঠিকাদার

**সুভাষ বর্মন**

**ফালাকাটা, ১২ সেপ্টেম্বর :** ফালাকাটার চরতোর্ষা নদী থেকে ফের বালি পাচারের অভিযোগ উঠল মহাসড়ক নির্মাণকারী ঠিকাদার সংস্থার বিরুদ্ধে। স্থানীয়দের দাবি, দুইদিন ধরে নদীতে আর্থমুভার নামিয়ে বালি তোলা হচ্ছে। সেইসব বালি ডাম্পারে করে নিয়ে যাওয়া হচ্ছে। ২৯ জুলাই একইভাবে বালি পাচার আটকে দিয়েছিলেন স্থানীয়রা। সেসময় প্রশাসনের আধিকারিকরা ঘটনাস্থলে এলে বালি তোলার কোনও অনুমতি দেখাতে পারেনি জাতীয় সড়ক কর্তৃপক্ষ। কারণ চরতোর্ষা নদীতে রয়্যালটির অনুমোদন কখনোই ছিল না। আর বর্ষাকাল এখনও চলছে। তাই এবারও বিনা অনুমতিতেই বালি তোলা হচ্ছে বলে স্থানীয়দের দাবি। সকাল এবং রাতের দিকেই নদীর বালি লুট হচ্ছে। শুক্রবার সকালেও নদীর বুকে দুটি আর্থমুভার দেখা যায়। অন্যদিকে, মহাসড়ক নির্মাণকারী সংস্থার এই কার্যকলাপ খতিয়ে দেখা হবে বলে জানিয়েছে জাতীয় সড়ক কর্তৃপক্ষ।

জাতীয় সড়ক কর্তৃপক্ষের (এনএইচএআই) কনসালট্যান্ট সঞ্জীব হাজরার কথায়, 'আগেও ওখানে একবার সমস্যা হয়েছিল। অনুমতি ছাড়া নির্মাণকারী সংস্থা আবার কেন ওই নদী থেকে বালি তুলছে, সেটা দেখা হবে।' ফালাকাটার কোনও



*চরতোর্ষা নদী থেকে আর্থমুভার দিয়ে বালি তোলা হচ্ছে। শুক্রবার সকালে।*

নদীতেই রয়্যালটির অনুমতি নেই। তাই অবৈধ বালি-পাথর পাচার রুখতে লাগাতার অভিযান চালায় ফালাকাটা থানার পুলিশ। চরতোর্ষা নদীতে তাহলে এভাবে বালি তোলা হচ্ছে কী করে, প্রশ্ন করলে ফালাকাটার আইসি অভিষেক ভট্টাচার্য বলেন, 'কোনও অনুমতি নেই। তবে বিএলএলআরও ভালো বলতে পারবেন।' এদিকে বিএলএলআরও দোলমা তামাংয়ের কথায়, 'আমি ছুটিতে বাইরে আছি। পরে অফিসে যোগ দিয়ে বিষয়টি খতিয়ে দেখব।'

এই বালি তোলা নিয়ে স্থানীয়দের নানা কারণে আপত্তি রয়েছে। নদীর পূর্বপ্রান্তে গ্রামটি অবস্থিত। নদী ঘেঁষেই জনবসতি। আর নদীর পশ্চিমপ্রান্তে রয়েছে একটি শ্মশানঘাট এবং মাটির বাঁধ। বাসিন্দা অজয় দাস জানালেন, এই নদীতে কখনোই রয়্যালটি দেওয়া হয় না। স্থানীয়রা কেউ বালি তুললে প্রশাসন পদক্ষেপ করে। অথচ দুইদিন ধরে জাতীয় সড়ক কর্তৃপক্ষ দেদারে বালি তুলে নিয়ে যাচ্ছে। স্থানীয় কুমোদ দাসের আশঙ্কা, 'এভাবে নদীর বুকে যন্ত্র নামিয়ে বালি তুললে আগামীতে দু'পাশে বড় ভাঙন হতে পারে।'

অন্যদিকে, মহাসড়ক নির্মাণকারী সংস্থার এক প্রতিনিধি অবশ্য অন্য কথা বললেন। তিনি জানান, রাস্তার অনেক জায়গায় খানাখন্দ তৈরি হয়েছে। এখন শিলতোর্ষা নদীতে জল বেশি। তাই কিছু বালি-বজরি তুলে রাস্তার গর্ত ভরাট করা হচ্ছিল।

### বালি 'হাপিস'

- দুইদিন ধরে সকাল এবং রাতের দিকে চরতোর্ষা থেকে তোলা হচ্ছে বালি
- স্থানীয়রা কখনও বালি তুললে কড়া পদক্ষেপ করে জাতীয় সড়ক কর্তৃপক্ষ
- এনএইচএআইয়ের মহাসড়ক নির্মাণকারী সংস্থা একই কাজ করলে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না, অভিযোগ

যদিও মহাসড়ক নির্মাণকারী সংস্থার এই যুক্তি মানতে নারাজ স্থানীয়রা। এলাকার তরুণ অনন্ত দাসের কথায়, 'এদিনও সাইনবোর্ড এলাকায় রাস্তার মাঝে বড় বড় গর্তে জল জমে ছিল। কৃষক বাজার মোড়, দোলং মোড় এলাকাতেও খানাখন্দ যেরকম ছিল, সেরকমই আছে। এই নদীর বালি খানাখন্দে ফেলাই হয়নি।'

নির্মাণকারী সংস্থা চরতোর্ষার বালি-বজরি হয় বিক্রি করতে বাইরে নিয়ে যাচ্ছে, না হলে মহাসড়কের মূল রাস্তার কাজে লাগাচ্ছে বলেই স্থানীয়দের দাবি। তবে এরপর ফের এভাবে বালি তোলা হলে বড় আন্দোলনে নামবেন বলে হুঁশিয়ারি দিলেন তাঁরা।

## স্মারকলিপি

**কালচিনি ও কুমারগ্রাম, ১২ সেপ্টেম্বর :** শুক্রবার নানা স্থানীয় সমস্যার সমাধানের দাবি করে সিপিএমের কালচিনি এরিয়া কমিটির তরফে কালচিনি গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে বিক্ষোভ প্রদর্শন করে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষকে স্মারকলিপি দেওয়া হয়। দলের কালচিনি এরিয়া কমিটির সম্পাদক আবুল কাশেম সরকার বলেন, '১২ দফা দাবিগুলির মধ্যে রয়েছে ১০০ দিনের কাজ চালু করা, চা বাগানের শ্রমিকদের নাম আবাস যোজনার তালিকায় অন্তর্ভুক্ত করা ইত্যাদি।'

অন্যদিকে, সিপিএমের খেতমজুর, গ্রামীণ শ্রমিক ও কৃষকদের মতো একাধিক শ্রমিক সংগঠনের পক্ষ থেকে শুক্রবার ১৫ দফা দাবিতে কুমারগ্রামের বিডিও-র হাতে স্মারকলিপি তুলে দেওয়া হয়। এলাকার শ্রমজীবী মানুষের স্বার্থরক্ষায় বিডিও অফিসের সামনে কেন্দ্রীয় অবস্থান বিক্ষোভ কর্মসূচি পালন করেন সংগঠনের নেতা-কর্মীরা। দাবিগুলির মধ্যে রয়েছে ১০০ দিনের কাজ চালু, বারবিশা থেকে সংকোশ পর্যন্ত বেহাল রাস্তার সংস্কার, ব্লকের সব গ্রামীণ রাস্তাগুলোর মেরামত, নিকাশি ব্যবস্থার সংস্কার ইত্যাদি।




*বিক্ষোভ মিছিল সিপিএম নেতা-কর্মীদের। শুক্রবার।*

# বিডিও অফিসে সিপিএমের বিক্ষোভ

**সোনাপুর, ১২ সেপ্টেম্বর :** একগুচ্ছ স্থানীয় সমস্যা সমাধানের দাবিতে শুক্রবার আলিপুরদুয়ার-১ বিডিও অফিসের সামনে মিছিল করে বিক্ষোভ দেখান সিপিএমের সংশ্লিষ্ট ব্লক কমিটির সদস্যরা। ব্লকের সমস্ত গ্রাম পঞ্চায়েতে কী কী সমস্যা রয়েছে, তার তালিকা করে বিডিও অফিসে তাঁরা একটি স্মারকলিপি জমা দেন। মাইক বাজিয়ে বিক্ষোভের জেরে এদিন বিডিও অফিসের কাজকর্মে ব্যাঘাত ঘটেছে বলে পালটা অভিযোগ। আলিপুরদুয়ার-১'এর বিডিও জয়ন্ত রায় বলেন, 'সমস্যার কথা শুনেছি। দাবিগুলো খতিয়ে দেখা হবে।'

বঞ্চুকামারি গ্রাম পঞ্চায়েতের ঘাগরা গ্যাস গোডাউন মোড় থেকে গরম বস্তি পর্যন্ত রাস্তাটির বেহাল দশা। সোনাপুর বিকে হাইস্কুল সংলগ্ন সেতুটিও জীর্ণ। শিলবাড়িহাট বন্যাত্রাণ শিবিরেরও একই অবস্থা। এছাড়াও মেজবিলের ঝিল এবং বীরপাড়ার রত্নেশ্বর ঝিল সংস্কার করা দরকার। এই সমস্ত উন্নয়নের দাবিতে গত এক সপ্তাহ ধরেই বিডিও অফিসে বিক্ষোভের প্রস্তুতি চলছিল সিপিএম শিবিরে।

আগামী বছর বিধানসভা নির্বাচন। আর ওই নির্বাচনে ভালো ফলের আশায় এখন থেকেই অনুন্নয়নকে হাতিয়ার করে ময়দানে নামতে চাইছে সিপিএম। জোর দেওয়া হচ্ছে স্থানীয় ইস্যুগুলোর ওপরে। সিপিএমের জেলা নেতৃত্ব সূত্রে খবর, দুর্গাপুজোর আগে প্রত্যেকটি বিডিও অফিসের সামনে বিক্ষোভ দেখানো হবে। আর দুর্গাপুজোর পর শুধু ডুয়ার্সকন্যা নয়, বিভিন্ন দপ্তরের জেলা কার্যালয়ে বিক্ষোভ দেখাবেন দলের নেতা-কর্মীরা।

দলের জেলা সম্পাদক কিশোর দাস বলেন, 'জেলার বিভিন্ন এলাকার

> জেলার বিভিন্ন এলাকার মানুষের নানা সমস্যা রয়েছে। সেই ইস্যুগুলো নিয়ে আমাদের আন্দোলন চলছে। কয়েকদিন আগে গ্রাম পঞ্চায়েত স্তরে আন্দোলন হয়েছে। এখন ব্লক স্তরে আন্দোলন হচ্ছে।
>
> **কিশোর দাস**
> সিপিএমের আলিপুরদুয়ার জেলা সম্পাদক

মানুষের নানা সমস্যা রয়েছে। সেই ইস্যুগুলো নিয়ে আমাদের আন্দোলন চলছে। কয়েকদিন আগে গ্রাম পঞ্চায়েত স্তরে আন্দোলন হয়েছে। এখন ব্লক স্তরে আন্দোলন হচ্ছে।'

তাঁর সংযোজন, 'আদালতের নির্দেশমতো একশো দিনের কাজ শুরু করতে হবে। কৃষকদের ফসলের সঠিক দাম দিতে হবে। বাড়ি বাড়ি পানীয় জল সরবরাহের দাবিতেও আমরা রাস্তায় নামছি।'

## জমি জটিলতার নিষ্পত্তি

**আলিপুরদুয়ার, ১২ সেপ্টেম্বর :** আলিপুরদুয়ার শহরের বিভিন্ন ওয়ার্ডে সম্প্রতি আয়োজিত হয়েছিল এক বিশেষ শিবির। পুরসভা, জেলা ভূমি ও ভূমি সংস্কার দপ্তর এবং উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের যৌথ উদ্যোগে হওয়া এই শিবিরে বহু মানুষ তাঁদের জমির খতিয়ান সংশোধন ও পাট্টা নিষ্পত্তির কাজ করিয়েছেন। দীর্ঘদিনের জটিলতা থেকে মুক্তি পেয়ে সাধারণ মানুষের মধ্যে স্বস্তি তৈরি হলেও এখনও খতিয়ান হাতে পাননি অনেকে। এই প্রেক্ষিতে শুক্রবার জেলা শাসকের অফিসে আয়োজিত এক আলোচনা সভায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়। উপস্থিত আধিকারিকরা জানান, পুজো মিটে গেলেই সংশোধিত খতিয়ান বিলি শুরু হবে। এতে বহু মানুষের দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটবে বলে আশা করা হচ্ছে। আলিপুরদুয়ার পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর বলেন, 'শিবিরে অনেকেই জটিল সমস্যার সমাধান করেছেন। আমাদের লক্ষ্য, দ্রুত মানুষের হাতে খতিয়ান পৌঁছে দেওয়া। পুজোর পরপরই বিলির কাজ শুরু হবে।' এক প্রবীণ নাগরিক পরিমল দত্তের কথায়, 'আমরা বহু বছর ধরে জমির কাগজ সংশোধনের জন্য এই দপ্তর থেকে সেই দপ্তরের চৌকাঠ ঘুরেছি। অবশেষে সমাধান হতে দেখে মনে হচ্ছে বড় বোঝা নেমে গেল।'

## নতুন কার্যালয়

**সোনাপুর, ১২ সেপ্টেম্বর :** আলিপুরদুয়ার-১ ব্লকের বীরপাড়া এলাকায় শুক্রবার কালজানি সেতুর পাশে তৃণমূলের নতুন কার্যালয়ের উদ্বোধন করা হয়। এদিন ওই কার্যালয় উদ্বোধনে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল, আলিপুরদুয়ার-১ পঞ্চায়েত সমিতির সহ সভাপতি পীযূষকান্তি রায়।

## কর্মীসভা

**সোনাপুর, ১২ সেপ্টেম্বর :** ২০ সেপ্টেম্বর কোচবিহারে বিশাল জনসভার আয়োজন করেছে বংশীবদনপন্থী গ্রেটার কোচবিহার পিপলস অ্যাসোসিয়েশন। সেই জনসভা সফল করতে শুক্রবার আলিপুরদুয়ারে-১ ব্লকের উত্তর সিমলাবাড়ি এলাকায় জেলা কর্মীসভা করা হল ওই সংগঠনের পক্ষ থেকে।

# দিল্লির পর্যটনমেলায় বক্সার প্রচার

**অভিজিৎ ঘোষ**

**আলিপুরদুয়ার, ১২ সেপ্টেম্বর :** বক্সার পর্যটন এবার পৌঁছাল দিল্লিতে। বৃহস্পতিবার থেকে দিল্লিতে চলা পর্যটনমেলা বিএলটিএম-এ অংশ নিয়েছেন বক্সা পাহাড়ের পর্যটন ব্যবসায়ীরা। কয়েক বছর ধরে এই পর্যটনমেলা চললেও বক্সা পাহাড়ের পর্যটন ব্যবসায়ীদের এবছরই প্রথম অংশ নেওয়ার সুযোগ হল। বক্সা ফোর্ট এলাকার দুজন এবং চুনাভাটির দুজন বুধবার দিল্লি পৌঁছান। পর্যটনমেলায় নতুন ধরনের অভিজ্ঞতা হচ্ছে বলে জানালেন তাঁরা।

বক্সা ফোর্ট এলাকার বাসিন্দা তেন্দু ডুকপা বলেন, 'বিএলটিএম-এ আমার স্টল দিয়েছি। সেখানে দেশ-বিদেশের বিভিন্ন এলাকার লোকেরা এসে আমাদের এলাকা সম্পর্কে জানতে চাইছেন। বক্সার হোমস্টে ট্যুরিজমের প্রচার করা হয় সেখানে।' শনিবার পর্যন্ত নিউ দিল্লির দ্বারকাতে ওই পর্যটনমেলা চলবে।

পর্যটনমেলায় আবার ডুকপা লিভিং হেরিটেজ ফেস্টিভালের প্রচার করা হচ্ছে। গতবছর থেকে বক্সায়



*বিএলটিএম-এ স্টলে বক্সার ব্যবসায়ীরা। শুক্রবার।*

ওই উৎসব শুরু হয়েছে। চলতি বছর ১৫, ১৬ এবং ১৭ নভেম্বর বক্সা পাহাড়ের বিভিন্ন জায়গায় ওই উৎসব করা হবে। সেই উৎসবে যেন পর্যটকরা শামিল হন, সেই আহ্বান জানানো হয়েছে।

পর্যটন সংস্থা এসিটি'র আহ্বায়ক ওসান লেপচার কথায়, ''বিএলটিএম'-এ পর্যটনের সঙ্গে যুক্ত বিভিন্ন ধরনের লোক এসেছেন। বক্সার গুরুত্বপূর্ণ পর্যটনের প্রচারের ক্ষেত্রে এটা বড় ভূমিকা নেবে বলেই আশা করছি।'' বিএলটিএম-এ বিভিন্ন ধরনের স্টল দেওয়া হয়েছে। বক্সা পাহাড়ের ব্যবসায়ীরা গ্রামীণ পর্যটন প্রচারের স্টল পেয়েছেন। সেখানে বক্সার পাহাড়ের বিভিন্ন ছবির পাশাপাশি জায়গা করে নিয়েছে ডুকপা

> বিএলটিএম-এ আমার স্টল দিয়েছি। সেখানে দেশ-বিদেশের বিভিন্ন এলাকার লোকেরা এসে আমাদের এলাকা সম্পর্কে জানতে চাইছেন। বক্সার হোমস্টে ট্যুরিজমের প্রচার করা হয় সেখানে।
>
> **তেন্দু ডুকপা**
> এলাকার বাসিন্দা

জনজাতির ব্যবহার করা কয়েকটি কাঠের ও বাঁশের জিনিসপত্র। পোশাক এবং খাবারদাবারও পাবেন মেলায় আসা দর্শনার্থীরা।

# পর্যটকদের জন্য পুজোর প্রস্তুতি


**সুভাষ বর্মন**

**শালকুমারহাট, ১২ সেপ্টেম্বর :** পুজোর সময় শিসামারায় আসার পরিকল্পনা রয়েছে। তবে শুধু জঙ্গল ঘুরে বাড়ি ফেরাতে সন্তুষ্ট নন অনেকে। চাই পুজোর আমেজও। তাই ভোগ খাওয়া থেকে স্থানীয় লোকসংস্কৃতির অনুষ্ঠান উপভোগ করার ব্যবস্থা করেছেন পুজো উদ্যোক্তাদের পাশাপাশি পর্যটন ব্যবসায়ীরা।

জলদাপাড়া বাজারের মন্দিরে এবারের পুজোর ৫৮তম বর্ষ। পর্যটকদের কথা ভেবে পুজো কমিটিও সেভাবে প্রস্তুতি নিচ্ছে। পুজো কমিটির সম্পাদক তাপসকুমার সেনের কথায়, 'পুজোর দিনগুলিতে পর্যটকরা আসেন। তাই অষ্টমী, নবমী, দশমীর সন্ধ্যায় স্থানীয় শিল্পীদের সাংস্কৃতিক অনুষ্ঠান হবে। লোকসংস্কৃতির নানা দিক তুলে ধরা হবে। এসব দেখে পর্যটকরা যাতে খুশি হন, আমরা সেটাই চাই।'

মাদারিহাটের প্রবেশদ্বার দিয়ে পুজোয় জলদাপাড়া ভ্রমণ করেছেন অনেকে। কিন্তু জলদাপাড়ার ভেতরে শিসামারা নামের জায়গাটা কোথায়? কোন গেট দিয়ে যেতে হবে? পর্যটন ব্যবসায়ীদের কাছে সব শুনে পুজোর জন্য শিসামারায় আসার পরিকল্পনা করেছেন বিমা কোম্পানিতে কর্মরত কলকাতার বাসিন্দা যাদব রায়। স্থানীয় পর্যটক ব্যবসায়ীরা বলছেন, অনেকেই এখন খুঁজে খুঁজে শিসামারায় রিসর্ট বুক করছেন। তবে এক্ষেত্রে স্থানীয় পুজো দেখার বায়নাও রয়েছে পর্যটকদের। সেজন্য জলদাপাড়া বাজারে পর্যটকদের কথা ভেবেই পুজোর আয়োজন চলছে। ফোনে যাদব বলেন, 'মাদারিহাটের গেট দিয়ে জলদাপাড়া দেখেছি। তবে এবার শিসামারায় যাব। সেখানে পুজোয় অঞ্জলি দিয়ে ভোগের প্রসাদ খাব।'

গত কয়েক বছরে জলদাপাড়ায় শিসামারা কেন্দ্রিক পর্যটনের প্রসার ঘটেছে। জলদাপাড়া বনাঞ্চলের ভেতর হয়ে উত্তর-দক্ষিণে বইছে শিসামারা নদী। আর ওই নদীর পশ্চিম প্রান্তে শালকুমারহাট জনবসতি। সেই



*জলদাপাড়া বাজারের এই মন্দিরে হবে দুর্গাপুজো।*

বাঁধ ঘেঁষেই এখন চোদ্দোটি রিসর্ট তৈরি হয়েছে। এছাড়া জলদাপাড়া জাতীয় উদ্যানে প্রবেশের দ্বিতীয় গেট রয়েছে শালকুমারহাটেই। শিসামারার রিসর্টগুলি থেকে ওই গেট দিয়েও জঙ্গল ভ্রমণ সম্ভব।গ্রামের মাঝামাঝিতে জলদাপাড়া বাজার। সেই বাজারের মন্দিরেই সব থেকে পুরোনো দুর্গাপুজো হয়। সেখানে প্রতিবার পর্যটকরা আসেন। জলদাপাড়া রিসর্ট ওনার্স অ্যাসোসিয়েশনের সভাপতি মিঠুন সরকারের কথায়, 'রিসর্টের আশপাশে পুজো আছে কি না সেসব জিজ্ঞাসা করে নিয়েছেন পর্যটকরা। তাই আমরাও স্থানীয় পুজো কমিটিগুলির সঙ্গে যোগাযোগ করেছি। প্রয়োজনে ভোগের চাল কমিটিকে আমাদের তরফে দিয়ে দেওয়া হবে। যাতে পর্যটকরা ভোগপ্রসাদ খেয়ে সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করতে পারেন।'

ওই পুজো কমিটির সঙ্গে যুক্ত শালকুমার ১ গ্রাম পঞ্চায়েত প্রধান শ্রীবাস রায়। তাঁর কথায়, 'পর্যটকরা পুজো দেখতে এসে ভোগপ্রসাদ খান। সাংস্কৃতিক অনুষ্ঠানও দেখেন।'

বলো দুগ্গা মাইকি

# ট্রাফিক সিগন্যাল নিয়ে পাঠ

**অভিজিৎ ঘোষ**

**আলিপুরদুয়ার, ১২ সেপ্টেম্বর :** ট্রাফিক সিগন্যাল ব্যবস্থা কীভাবে চলে? কোন আলো কীসের ইঙ্গিত দেয়? এবার সেসব জানা যাবে একসঙ্গে। না প্রশাসনের তরফে ট্রাফিক সংক্রান্ত কোনও শিবিরে নয়। এইসবই ফুটে উঠবে আলোর তোরণে। সৌজন্যে তপসিখাতা দুর্গাপুজো কমিটি। আলিপুরদুয়ার-১ ব্লকের এই দুর্গাপুজো কমিটি এবার তাদের বাজেটের অনেকটা অংশই আলোকসজ্জায় খরচ করতে চলেছে। রাস্তার উপর বড় বড় আলোর তোরণ লাগানো হবে। ইতিমধ্যেই বাঁশ লাগানোর কাজ শুরু হয়ে গিয়েছে। মূলত দুটো বড় তোরণ থাকবে। সঙ্গে থাকবে ছোট ছোট আরও কয়েকটি তোরণ। পুজোর



*মণ্ডপ তৈরির কাজ চলছে তপসিখাতায়।*

উদ্যোক্তারা জানাচ্ছেন, এবার গ্রামের পুজোতেই শহরের মতো আলো দেখা যাবে।

পুজো কমিটির সম্পাদক জিমুত রায়ের কথায়, 'তপসিখাতা বাজারে এটাই বড় পুজো। আশপাশের প্রচুর মানুষ পুজো দেখতে আসেন। তাঁরা শহরে খুব একটা যেতে পারেন না। তাই আমরা আমাদের পুজোটাকে ভালো করে আয়োজন করার চেষ্টা করছি।' এবার এই পুজোর ৭৬তম বর্ষ। পুজোর বাজেট প্রায় আট লক্ষ টাকা।একদিকে যেমন আলোকসজ্জায় আধুনিকত্ব আনা হচ্ছে তেমনই বড় পুজোমণ্ডপও তৈরি হচ্ছে। কোনও থিম নয় বরং কাল্পনিক এক মন্দিরের আদলে তপসিখাতা হাইস্কুলের মাঠে মণ্ডপ তৈরির কাজ চলছে। বাঁশের কাঠামোর কাজ প্রায় শেষ। বর্তমানে কাঠের ও বেতের কাজ শুরু হয়েছে। তারপর কাপড় দিয়ে সাজানোর কাজ শুরু হবে।

পুজোমণ্ডপ বা আলোর তোরণের আয়োজন চলার সঙ্গে সঙ্গেই নানারকম সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন চলছে। পুজোর তিনদিন বিভিন্ন অনুষ্ঠান থাকবে। স্থানীয় শিল্পীরা সেই আয়োজনে অংশ নেবেন। আবার অনেক বহিরাগত শিল্পীও বিভিন্ন অনুষ্ঠান করবেন। পুজো কমিটির সদস্যদের তরফে জানা গেল, এই পুজো ঘিরে গ্রামবাসীদের উন্মাদনা এতটাই যে, চাঁদার সঙ্গে পুজোর জন্য অনেকেই চাল ও সবজিও দেন। সেই চাল ও সবজি দিয়ে অষ্টমীর ভোগ তৈরি হয়। পুজোর পর মাঠে বসে একসঙ্গে প্রসাদ খাওয়া চলে বিকেল পর্যন্ত। প্রতিবারের সেই একই ছবি এবারও দেখা যাবে বলে আশাবাদী এলাকার বাসিন্দারা।

# আমার শহর



## ছোট্ট তারা

বীরপাড়ার কৃদয় ছেত্রী একটি বেসরকারি ইংরেজিমাধ্যম স্কুলের ষষ্ঠ শ্রেণির পড়ুয়া। পড়াশোনার পাশাপাশি ফুটবলে দক্ষ সে।

# কোথাও স্বস্তি, কোথাও ক্ষোভ



বেহাল রাস্তায় তাপ্পি দিতে বিছানো হয়েছে পাথর। ফালাকাটায়।

## রাস্তা সংস্কার শুরু পুরসভার

ভাস্কর শর্মা

**ফালাকাটা, ১২ সেপ্টেম্বর :** ফালাকাটার মূল শহরের গলির রাস্তাগুলি দীর্ঘদিন ধরেই বেহাল। সামনেই পুজো, তার আগে রাস্তার হাল নিয়ে ক্ষোভ বাড়ছিল সাধারণ নাগরিক থেকে দুর্গোৎসব কমিটিগুলির মধ্যে। তবে এবার পুজোর আগেই ভাঙা রাস্তার সংস্কার বা তাপ্পি দেওয়া শুরু করল পুরসভা। এজন্য টেন্ডার শেষ হওয়ার পর, বুধবার থেকে কাজও শুরু করে দিয়েছেন বরাতপ্রাপ্ত ঠিকাদার। পুজোর আগে অন্তত তাপ্পি দেওয়া রাস্তা নিয়েই খুশি থাকতে হবে স্থানীয়দের।

ফালাকাটা পুরসভার চেয়ারম্যান প্রদীপ মুহুরি বলেন, 'আমরা সব রাস্তাই নতুনভাবে তৈরি করব। কিন্তু সামনে যেহেতু পুজো তাই আপৎকালীন অবস্থায় গুরুত্বপূর্ণ ৮টি রাস্তা সংস্কার করা হচ্ছে। এর জন্য ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।'

পুরসভা জানিয়েছে, এই ৮টি রাস্তার মধ্যে অন্তত গুরুত্বপূর্ণ পার্ক রোড, এগারো হাত কালীবাড়ি থেকে দশমী ঘাট রোড, রামকৃষ্ণ সরণি রয়েছে। পাশাপাশি ডাকবাংলো রোডটিও সংস্কার করা হচ্ছে। ৮টি রাস্তার মধ্যে ২-৩টি রাস্তার কাজও শুরু হয়েছে। আগামী এক সপ্তাহের মধ্যে ৮টি রাস্তাই চলাচলের যোগ্য করা হবে। শহরের একটি পুজো কমিটির সদস্য রাহুল সাহার কথায়, 'পুরসভা হওয়ার আগে থেকেই রাস্তাগুলি খারাপ ছিল। এই ভাঙাচোরা রাস্তা দিয়ে কী করে প্রতিমা আনা-নেওয়া করা হবে, তা নিয়ে আমরা চিন্তায় পড়েছিলাম। এমনকি প্যান্ডেলে দর্শনার্থীও আসবে না বলে আশঙ্কা করছিলাম। তবে পুজোর আগে দেখছি পুরসভা রাস্তাগুলি সংস্কার করছে। আমরা খুশি।'

বাসিন্দারা জানিয়েছেন, যে রাস্তাগুলি সংস্কার করা হচ্ছে সেগুলি দীর্ঘদিন ধরেই বেহাল। রাস্তার এই হাল নিয়ে ক্ষোভ বাড়ছিল বাসিন্দাদের মধ্যে। ক্ষোভের আঁচ পেয়েই অবশেষে পুরসভা সংস্কারের কাজ শুরু করল বলে নাগরিকরা মনে করছেন। ফালাকাটা নাগরিক মঞ্চের আহ্বায়ক বাপন গোপের বক্তব্য, 'রাস্তায় তাপ্পি দিয়ে কি স্থায়ী সমাধান হবে? রাস্তা নতুন করে তৈরি করতে হবে।'

## প্রধানের মহল্লায় প্রতিমা আনা নিয়ে চিন্তায় ক্লাব

মোস্তাক মোরশেদ হোসেন



বীরপাড়ার শরৎ চ্যাটার্জি কলোনির বেহাল রাস্তা।

**বীরপাড়া, ১২ সেপ্টেম্বর :** শরৎ চ্যাটার্জি কলোনিতে ৩টি পুজো হচ্ছে। তার মধ্যে যুব সম্প্রদায় ক্লাবের প্রতিমা নিয়ে যাওয়ার রাস্তা বলতে এলাকার বেহাল রাস্তাটি। তবে ওই এবড়োখেবড়ো রাস্তা দিয়ে প্রতিমা কীভাবে আসবে তা নিয়ে চিন্তায় পুজো উদ্যোক্তারা। কয়েকবছর আগে মাদারিহাট-বীরপাড়া পঞ্চায়েত সমিতি রাস্তাটির একাংশ কংক্রিট দিয়ে ঢালাই করে। তবে শ-দুয়েক মিটার রাস্তা এখনও কাঁচা এবং গর্তে ভরা। আবার ঢালাই করার পরও শ-খানেক মিটার রাস্তা ফের বেহাল হয়ে পড়েছে। এই নিয়ে স্থানীয় বাসিন্দা থেকে নিত্যযাত্রীদের মধ্যে ক্ষোভ রয়েছে। তবে এই মুহূর্তে সবচেয়ে বেশি চিন্তায় যুব সম্প্রদায় ক্লাবের পুজো কমিটির সদস্যরা। রাস্তাটি দিয়ে প্রতিমা নিয়ে আসার ব্যাপারে উদ্বেগে তাঁরা। শুক্রবার স্থানীয় বাসিন্দা এবং যুব সম্প্রদায় পুজো কমিটির কর্তারা রাস্তার বেহাল দশা নিয়ে ক্ষোভ উগরে দেন। ওই ক্লাবের সভাপতি উৎপলকুমার রায় বলেন, 'আমাদের পুজোমণ্ডপে প্রতিদিন কমপক্ষে পাঁচ হাজার দর্শনার্থীর সমাগম হয়। অথচ বছরের পর বছর ধরে আবেদন করা সত্ত্বেও জনপ্রতিনিধি, প্রশাসনের কর্তারা রাস্তা মেরামতে পদক্ষেপ করছেন না।' এবড়োখেবড়ো রাস্তা দিয়ে আনার সময় প্রতিমা ক্ষতিগ্রস্ত হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করছেন কমিটির সভাপতি প্রদ্যুৎ সরকার।

ওই মহল্লাটি বীরপাড়া ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের প্রধান সুচিত্রা মল্লিকের নির্বাচনি এলাকা। প্রধান এবং উপপ্রধান বিজেপির। আবার উপসমিতির সঞ্চালকরা তৃণমূলের। রাজনৈতিক কারণেই শরৎ চ্যাটার্জি কলোনির রাস্তা পুনর্নির্মাণের কাজ আটকে বলেও জল্পনা এলাকায়। তবে এই যুক্তি মানতে নারাজ স্থানীয় বাসিন্দারা। এলাকার বাসিন্দা দেবাশিস বক্সীর কথায়, 'কে কোন রাজনৈতিক দলের, তা ভাবছি না। জনপ্রতিনিধিদের কাছে অনুরোধ, রাস্তা সংস্কারে পদক্ষেপ করা হোক।'

এদিকে সুচিত্রার দাবি, রাস্তাটির বাকি অংশ পাকা করতে প্রয়োজনীয় টাকা খরচের ক্ষমতা গ্রাম পঞ্চায়েতের বোর্ডের নেই। তিনি বলেন, 'এনিয়ে পঞ্চায়েত সমিতির সদস্যা শিউলি চক্রবর্তী এবং জেলা পরিষদের পূর্ত কর্মাধ্যক্ষ রমেশ ওরাওঁকে পদক্ষেপের অনুরোধ করেছি।' শিউলির কথায়, 'পঞ্চায়েত প্রধান এনিয়ে আমার সঙ্গে কথা বলেননি। তবে রাস্তাটির বাকি অংশ পাকা করতে আমি বিধায়ক জয়প্রকাশ টোপ্পোর দ্বারস্থ হয়েছি।'

ওই রাস্তাটি দীর্ঘদিন ধরে বেহাল পড়ে। বীরপাড়ার দিনবাজারে যাতায়াতের ক্ষেত্রে প্রতিদিন কয়েক হাজার মানুষকে ভোগান্তি পোহাতে হয়। প্রশাসন কোনও পদক্ষেপ না করায় স্থানীয়রা বাড়ির ভাঙাচোরা কংক্রিটের টুকরো দিয়ে কয়েকটি গর্ত ভরাটের চেষ্টা করেছেন।

মহাত্মা গান্ধি রোডে যানজট হলে শরৎ চ্যাটার্জি কলোনির রাস্তাটি হয়ে চলাচল করে ছোট গাড়ি, টোটো এবং অ্যাম্বুল্যান্সগুলি। বাসিন্দা দেবাশিস রায়ের কথায়, 'বেহাল রাস্তায় অ্যাম্বুল্যান্স চলাচলেও সমস্যা হচ্ছে।' ওই রাস্তাটি দিয়ে সোজাসুজি বীরপাড়া চৌপথিতে পৌঁছানো যায়। গুরুত্বপূর্ণ ওই রাস্তাটি বছরের পর বছর বেহাল দশায় পড়ে থাকলেও হুঁশ নেই প্রশাসনের বলে অভিযোগ। যুব সম্প্রদায় ক্লাবের সম্পাদক সুব্রত কুণ্ডুর কথায়, 'আমার বয়স ৪৮ বছর। এত বছরে একবারও এক দফায় গোটা রাস্তাটি মেরামত করতে দেখিনি।'

### শুধুই দুর্ভোগ

শরৎ চ্যাটার্জি কলোনিতে বেহাল রাস্তা নিয়ে চিন্তায় যুব সম্প্রদায় ক্লাব

এবড়োখেবড়ো রাস্তা দিয়ে আনার সময় প্রতিমা ক্ষতিগ্রস্ত হতে পারে বলে আশঙ্কা তৈরি হয়েছে

রাজনৈতিক কারণেই শরৎ চ্যাটার্জি কলোনির রাস্তা পুনর্নির্মাণের কাজ আটকে বলেও জল্পনা এলাকায়

## হেনস্তার অভিযোগ

**বীরপাড়া, ১২ সেপ্টেম্বর :** বীরপাড়া রাজ্য সাধারণ হাসপাতালের এক নিরাপত্তাকর্মীকে হেনস্তার অভিযোগ উঠল রোগীর পরিজনদের বিরুদ্ধে। নিগৃহীত নিরাপত্তাকর্মী জানান, বৃহস্পতিবার রাতে চিকিৎসাধীন এক অন্তঃসত্ত্বা মহিলার স্বামী ভিজিটিং আওয়ার পেরিয়ে যাওয়ার দীর্ঘক্ষণ পর মহিলা বিভাগে ঢোকার আবদার করেন। ওই নিরাপত্তাকর্মী বাধা দিলে ওই ব্যক্তি তাঁকে হেনস্তা করেন বলে অভিযোগ। পরে অবশ্য মূল অভিযুক্ত পালিয়ে যায়। বাকিদের মধ্যে একজনকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ। শুক্রবার বীরপাড়া থানার ওসি নয়ন দাস বলেন, 'একটি অভিযোগ মিলেছে। ঘটনার তদন্ত করা হচ্ছে।'

## আলোর কাজ

**ফালাকাটা, ১২ সেপ্টেম্বর :** ফালাকাটা টাউন ক্লাব স্টেডিয়ামে শুরু হল ফ্লাডলাইট লাগানোর কাজ। শুক্রবার থেকে বরাতপ্রাপ্ত ঠিকাদারি সংস্থা টাউন ক্লাব স্টেডিয়ামে লাইট লাগানোর কাজ শুরু করেছে। টাউন ক্লাবের সভাপতি শুভব্রত দে বলেন, 'প্রায় ৩ কোটি টাকা খরচে স্টেডিয়ামে আলোর ব্যবস্থা করা হচ্ছে। মোট ৮টি টাওয়ার বসানো হচ্ছে। আগামী ৭ দিনের মধ্যেই এই কাজ শেষ হবে।'

অক্টোবরে রাত্রিকালীন ফুটবল গোল্ড কাপ খেলা শুরু হবে। কয়েক মাস আগেই জেলার একমাত্র স্টেডিয়ামটি টাউন ক্লাবে উদ্বোধন করা হয়েছিল। এখন উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের টাকায় ফ্লাডলাইট লাগানোর কাজ শুরু হল।

## গ্রেপ্তার এক

**জয়গাঁ, ১২ সেপ্টেম্বর :** ফের বিপুল পরিমাণ সিডেটিভ ট্যাবলেট সহ শুক্রবার এক ব্যক্তিকে গ্রেপ্তার করল জয়গাঁ থানার পুলিশ। ধৃত আমন লামা ছোট মেচিয়াবস্তি এলাকার বাসিন্দা। এদিন বিকেলে তাঁর বাড়ি থেকে ২২৪টি সিডেটিভ ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে পুলিশ। শনিবার তাঁকে জেলা আদালতে তোলা হবে।

### বিকেলে পরিষেবা স্বাভাবিক

## লোডশেডিংয়ে ফের ভোগান্তি বাড়ল ফালাকাটায়

ভাস্কর শর্মা

**ফালাকাটা, ১২ সেপ্টেম্বর :** কেউ সিজিএল, ডব্লিউবিপি আবার কেউ অন্য কোনও পরীক্ষার প্রস্তুতি নিতে প্রতিদিন সুভাষ পাঠাগারে আসেন। তবে শুক্রবার সকাল থেকেই ফালাকাটা নেতাজি রোডে বিদ্যুৎ ছিল না। ফলে লাইব্রেরিতে এসে সমস্যায় পড়েন পাঠকরা। ওই লাইব্রেরির পাশেই বিদ্যুৎ দপ্তরের অফিস। তাই প্রথমে পাঠকরা এক-দু'বার গিয়ে বিষয়টি জানিয়ে আসেন। কিন্তু তার পরেও কাজ না হওয়ায় বিকেলের দিকে পাঠকরা একসঙ্গে গিয়ে বিদ্যুৎ দপ্তরে ক্ষোভ প্রকাশ করেন। এমনকি শনিবার থেকে পরিস্থিতি স্বাভাবিক না হলে বিদ্যুৎ দপ্তর ঘেরাও করার হুমকি দিয়েছেন পাঠকরা।

পাঠক ভীষ্মদেব বর্মনের কথায়, 'সামনেই আমার সিজিএল, ডব্লিউবিপি সহ আরও বেশ কয়েকটি পরীক্ষা আছে। তার প্রস্তুতিই পাঠাগারে বসে নিই। কিন্তু মাঝেমধ্যেই এখানে বিদ্যুৎ থাকে না। এদিন সকাল থেকেও বিদ্যুৎ ছিল না। তাই আমরা সবাই মিলে গিয়ে বিদ্যুৎ দপ্তরে ক্ষোভ জানিয়েছি।'

যদিও এদিন বিকাল ৪টা নাগাদ বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক হয় লাইব্রেরি সহ এলকায়। গোটা বিষয়টি নিয়ে অবশ্য বিদ্যুৎ দপ্তরের স্টেশন ম্যানেজার সৌরভ সিংহ বলেন, 'মাঝেমধ্যেই কিছু এলাকায় মেরামতের কাজ করা হচ্ছে। ওই সময় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। উন্নত পরিষেবা দেওয়ার লক্ষ্যেই আমরা কাজ করছি।'

এদিন পাঠকরা লাইব্রেরিতে এসেই দেখেন বিদ্যুৎ নেই। অন্তত ২ ঘণ্টা অপেক্ষা করার পরেও বিদ্যুৎ আসেনি। তাই একবার কয়েকজন পাঠক পাশে থাকা বিদ্যুৎ দপ্তরের অফিসে গিয়ে বিষয়টি জানিয়ে আসেন। তাঁদের অভিযোগ, তারপর দুপুর ৩টা বেজে গেলেও বিদ্যুৎ আসেনি। পরে সবাই মিলে বিদ্যুৎ দপ্তরের অফিসে যাওয়া হয়। এদিন সকাল থেকেই ছিল ভ্যাপসা গরম। তার ওপর বিদ্যুৎ না থাকায় সকলকে ভোগান্তি পোহাতে হয়। এলাকার বাসিন্দারা জানিয়েছেন, পুজোর মুখে শহরে বিভিন্ন সময় বিদ্যুৎ চলে যাচ্ছে। সারাদিন বিভিন্ন এলাকায় অন্তত ১০ থেকে ১২ বার বিদ্যুৎ চলে যায়। ফালাকাটা সুভাষ পাঠাগারও তার থেকে বাদ যাচ্ছে না। লাইব্রেরির আরেক পাঠক শিপ্রা খেড়িয়া বলেন, 'লাইব্রেরিতে মাঝেমধ্যেই বিদ্যুৎ থাকে না। ফলে এত দূর থেকে এসে পরীক্ষার প্রস্তুতিও ঠিকমতো নিতে পারি না। বিদ্যুৎ দপ্তরকে জানিয়েও লাভ হচ্ছে না। এবার প্রয়োজনে দপ্তর ঘেরাও করে আন্দোলন করব।'



ফালাকাটা বিদ্যুৎ দপ্তরের অফিসে লাইব্রেরির পাঠকরা।

